

প্রোফাইল



নৌপরিবহন মন্ত্রণালয়ের যুগ্মসচিব জনাব মোঃ হাসানুর রহমান ১৯৫৭ সালে কুষ্টিয়া জেলায় জন্মগ্রহণ করেন। তিনি ১৯৭২ সালে কুষ্টিয়া জেলা স্কুল হতে প্রথম বিভাগে এস.এস.সি এবং ১৯৭৫ সালে কুষ্টিয়া গভঃ কলেজ হতে এইচ.এস.সি পরীক্ষায় উত্তীর্ণ হন। তিনি ১৯৮০ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় হতে সমাজবিজ্ঞান বিষয়ে বি.এস.এস (সম্মান) ও ১৯৮১ সালে একই বিষয়ে মাস্টার্স ডিগ্রী অর্জন করেন।

জনাব মোঃ হাসানুর রহমান বিসিএস (প্রশাসন) ১৯৮২ নিয়মিত ব্যাচের কর্মকর্তা। তিনি চাকুরী জীবন শুরু করেন খুলনা জেলায় সহকারী কমিশনার হিসেবে। তিনি উপজেলা নির্বাহী অফিসার হিসেবে রাজশাহীর চারঘাটে দীর্ঘদিন সুনামের সাথে দায়িত্ব পালন করেন। তিনি ১৯৮৯ সালে সিনিয়র সহকারী সচিব পদে পদোন্নতি লাভ করেন। তিনি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব হিসাবে দায়িত্ব পালন করেন। তিনি অতিরিক্ত জেলা প্রশাসক হিসেবে কিশোরগঞ্জ ও গোপালগঞ্জে দায়িত্ব পালন করেন।

জনাব হাসানুর রহমান ২০০১ সালে উপসচিব পদে পদোন্নতি পেয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় যোগদান করেন। তিনি উপসচিব হিসেবে বিজ্ঞান এবং তথ্য যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয় ও তথ্য মন্ত্রণালয়ে দায়িত্ব পালন করেন। তিনি ২০০১-২০০২ সময়ে সিলেটে জেলা প্রশাসক ছিলেন। তিনি ২০০৯ সালে যুগ্মসচিব পদে পদোন্নতি পান। তিনি যুগ্মসচিব হিসেবে স্থানীয় সরকার বিভাগে দায়িত্ব পালন করেন। তিনি ৩১ মে ২০১৫ তারিখে নৌপরিবহন মন্ত্রণালয়ে যোগদান করেন। অত্র মন্ত্রণালয়ে যোগদানের পূর্বে তিনি বাংলাদেশ তীত বোর্ডের ভারপ্রাপ্ত চেয়ারম্যান পদে নিয়োজিত ছিলেন।

তিনি বিভিন্ন সরকারি কাজে থাইল্যান্ড, মালয়েশিয়া ও জার্মান ভ্রমণ করেন।

জনাব মোঃ হাসানুর রহমান বিবাহিত। তাঁর স্ত্রীর নাম ফারহানা আফরোজ।